গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৬৫.২৫.১২৮

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: সি টু সি ফ্যাশন লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে আমদানিস্বত্ব হ্রাস পূর্বক ৩য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসংগে।**

সূত্র: আবেদনপত্র নং-৯১০, তারিখঃ ২২/০৯/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সি টু সি ফ্যাশন লিঃ, অফিসঃ বাসা-২০, রোড-২৫, সেক্টর-৭, উত্তরা, ঢাকা ও কারখানা: হোল্ডিং-জি-৯২/১, (সাবেক জি ৯২), ওয়ার্ড নং-১৫, এইচ.এন.টাওয়ার, ভোগড়া রোড, বাসন, গাজীপুর ১০০% রপ্তানীমূখী তৈরি পোশাক (নীট ও ওভেন) উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প কারখানা। যার বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং-আরএমজি/ইএক্সপি/০০০১০৬৩-২২, তারিখঃ ০১/১২/২০২২ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৭৪৯৭২৩ নিয়মিতকরণের আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন সহকারী পরিচালক সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর আমদানি স্বত্ব হ্রাস করে ৩য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, “তৈরি পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

| শিল্প উপখাত | বিদ্যমান আমদানিস্বত্ব | সুপারিশকৃত বার্ষিক আমদানিস্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|
| “তৈরি পোশাক (নীট ও ওভেন)” | নির্ধারণ ব্যতিরেখে | ৭০০০০০০০/- (সাত কোটি) টাকা | আমদানিস্বত্ব হ্রাস করা হলো। |

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে সি টু সি ফ্যাশন লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর বার্ষিক আমদানি স্বত্ব ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি “তৈরি পোশাক (নীট ও ওভেন)” বিধায় আমদানিযোগ্য কাচাঁমাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

৩০-০৯-২০২৫
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৬৫.২৫.১২৮/১ (৫)

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

২। ব্যবস্থাপনা পরিচালক, সি টু সি ফ্যাশন লিঃ, অফিসঃ বাসা-২০, রোড-২৫, সেক্টর-৭, উত্তরা, ঢাকা ও কারখানা: হোল্ডিং-জি-৯২/১, (সাবেক জি ৯২), ওয়ার্ড নং-১৫, এইচ.এন.টাওয়ার, ভোগড়া রোড, বাসন, গাজীপুর।

৩। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।

৫। ., অফিস কপি।

৩০-০৯-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক